

R-11

B.A./Part-II/Hons/BNGA-III/2016



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours PART-II Examinations, 2016

বাংলা - সাম্মানিক

তৃতীয় পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

দক্ষিণ প্রান্তিক সীমার সংখ্যাটি প্রশ্নের পূর্ণ মানের নির্দেশক। প্রশ্নে একাধিক অংশ থাকলে  
প্রত্যেক অংশ আলাদা অনুচ্ছেদে লিখতে হবে।

১. মিশ্রকলাবৃত্ত (অক্ষরবৃত্ত বা তান প্রধান) ছন্দের স্বরূপ উদাহরণসহ বুঝিয়ে দিন। ১২

অথবা

যে-কোনো দুটি বিষয়ে টীকা লেখো:

২ × ৬ = ১২

দলবৃত্ত ছন্দ, সনেট, পংক্তি, ছত্র।

২. যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করো: ২ × ৪ = ৮

(ক) রে সতী রে সতী কাঁদিল পশুপতি পাগল শিব প্রমথেশ।

যোগমগনহর তাপস যতদিন ততদিন নাহি ছিল ক্রেশ।।

(খ) উজ্জ্বল এক ঝাঁক পায়রা

সূর্যের উজ্জ্বল রৌদ্রে

চঞ্চল পাখনায় উড়ছে

নিঃসীম ঘন নীল অম্বর

গ্রহতারা থাকে যদি থাক নীল শূন্যে।

(গ) গোধূলির রঙে আজ গোটারাত দহন বিধুর  
প্রতিদিন লিপি থেকে আজকের রাতখানা বেবাক লোপাট  
এরকম অতমস রাত্রির কোনো কাহিনি ইতিহাসে নেই  
অথচ এ রাত্রি আদৌ অনৈতিহাসিক নয়।

(ঘ) রুদ্র তোমার দারুণ দীপ্তি  
এসেছে দুয়ার ভেদিয়া,  
বক্ষে বেজেছে বিদ্যুৎ-বাণ  
স্বপ্নের জাল ছেদিয়া।

৩. রূপক অলংকারের সংজ্ঞা লেখো। এই অলংকারের বিভিন্ন বিভাগগুলি উদাহরণসহ আলোচনা করো। ১২

অথবা

যে-কোনো দুটি অলংকারের উদাহরণসহ ব্যাখ্যা করো: ২×৬ = ১২  
বক্রোক্তি, ব্যাজস্ততি, উৎপ্রেক্ষা, ব্যতিরেক।

৪. যে-কোনো দুটি উদ্ধৃতির অলংকার নির্ণয় করো: ৪×৪ = ৮

- (ক) অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ,  
কোন গুণ নাই তার কপালে আগুন।
- (খ) এখানে হাওয়ায় যেন ভালোবাসা বীজ হয়ে আছে।
- (গ) দেখেছে সে বাছ এক মৃগাল-নিন্দিত।
- (ঘ) চোখে চোখে কথা নয় গো, বন্ধু, আগুনে আগুনে কথা।
- (ঙ) আনিয়াছি ছুরি তীক্ষ্ণদীপ্ত প্রভাতরশ্মিসম।

৫. বৈষ্ণব পদাবলী সাহিত্যে 'মাথুর' পর্যায়ের পদের গুরুত্ব কতখানি? এই শ্রেণীর পদে বিদ্যাপতির কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ১৫

অথবা

“শান্ত-দাস্য-সখ্য-বাৎসল্য পেরিয়ে মধুর রসে অবগাহনই বৈষ্ণব পদাবলীর মুখ্য উদ্দেশ্য”- এই মন্তব্যের পক্ষে তোমার যুক্তি দাও। ১৫

৬. “আগমনী ও বিজয়ার পদগুলিতে ভক্তিভাব ছাপিয়ে বড় হয়ে উঠেছে মান-অভিমান ও হাসি-কান্নায় ভরা গার্হস্থ্যের মর্মস্পর্শী রূপ”- আলোচনা করো। ১৫

অথবা

শান্ত পদকর্তা হিসেবে রামপ্রসাদ ও কমলাকান্তের কবিকৃতির তুলনা করো। ১৫

৭. ‘গ্রন্থোৎপত্তির কারণ’ অংশে সেকালের সমাজ বাস্তবতার যে পরিচয় পাওয়া যায়, তা নিজের ভাষায় লেখো। ১৫

অথবা

মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্য অবলম্বনে কালকেতু চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

৮. “হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে। ১+১+৩  
পরান-পিরিতি লাগি থির নাহি বাঞ্ছে।।  
- কোন্ পর্যায়ের পদ? পদকর্তা কে? উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করো।

অথবা

“কি পেখলুঁ নটবর গৌরকিশোর। ২+৩  
অভিনব হেম কল্পতরু সঞ্চর  
সুরধুনী তীরে উজোর।।”  
- পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করো। উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

৯. “কেবল আশার আশা, ভবে আসা, আসামাত্র হলো।” ১+১+৩  
- কোন্ পর্যায়ের পদ? পদকর্তা কে? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা

“যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়-  
এবার মায়ে-বিয়ে করবো ঝগড়া, জামাই বলে মানবো না।”  
- কোন্ পর্যায়ের পদ? পদকর্তা কে? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+৩

১০. “পিপীড়ার পাখা উঠে মরিবার তরে।

১+১+৩

কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে।।”

- বক্তা কে? কার সম্পর্কে তার এই অভিযোগ? প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

অথবা

“মনে মনে কালকেতু করেন যুক্তি।

২+৩

ধন ঘড়া নিয়া পাছে পালায় পার্বতী।।”

- কখন এবং কেন কালকেতু একথা ভেবেছিল? তখন পার্বতীর মনোভাব কেমন হয়েছিল?